# ছুটির দিনে প্রথমবার তেজগাঁও কার্যালয়ে অফিস করছেন প্রধানমন্ত্রী




প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রথমবারের মতো রাজধানীর তেজগাঁও কার্যালয়ে দায়িত্ব পালন শুরু করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার (২১ ফেব্রুয়ারি) সকাল প্রায় ১০টা ১০ মিনিটে তিনি সেখানে পৌঁছালে মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তার ও অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন তাকে অভ্যর্থনা জানান।

কার্যালয়ের প্রধান ভবনে প্রবেশের আগে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া–এর সময় দায়িত্ব পালন করা কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও কুশল বিনিময় করেন তিনি। পরে কার্যালয় প্রাঙ্গণে একটি স্বর্ণচাঁপা গাছের চারা রোপণ করেন এবং আল্লাহর দরবারে শুকরিয়া আদায় করে বিশেষ মোনাজাতে অংশ নেন। এ সময় প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল ড. একেএম শামছুল ইসলাম, পিএসসি, জি (অব.)সহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এদিন মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস–২০২৬ উপলক্ষে স্মারক ডাকটিকিটও উন্মোচন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

LENS ASIA